গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউজ আইসিডি
কমলাপুর, ঢাকা।
www.chicd.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নথি নং-৫ কাস(২৩০)জন:প্রশা:/নিয়োগ/কা:হা:/আইসিডি/২০১৯/ ১১৭৫০ তারিখ-২৮/১১/২০২১ খ্রি:

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর স্মারক নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০৩২.২০.১৪৮, তারিখ-২৩/০৬/২০২১ খ্রি: এর অনুমোদন অনুযায়ী কাস্টম হাউজ আইসিডি, কমলাপুর, ঢাকা এর নিচে উল্লিখিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলা সমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে শর্তসাপেক্ষে Online এ পূরণকৃত আবেদনপত্র (সনদপত্র বা অন্য কোন দলিলাদি সংযুক্ত করতে হবে না) আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রম. নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | কম্পিউটার অপারেটর ১২,৫০০-৩০,২৩০ (গ্রেড-১১) | ০২ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ, বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে, ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নি বলে গণ্য হবে। | ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ময়মনসিংহ, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী ও সিলেট জেলা ব্যতীত সমগ্র বাংলাদেশ। |
| ২. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ০১ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>গ) সাঁটলিপি-তে সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে। | |
| ৩. | ডাটা-এন্ট্রি অপারেটর ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০১ | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে; ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে;<br>গ) ব্যবহারিক পরীক্ষায় শুধু উর্ত্তীণ/অনুর্ত্তীণ হিসেবে গণ্য হবে, এবং<br>ঘ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষিরিক ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০৫ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | যথাক্রমে ২০ ও ২৫ শব্দ। ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে; ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নি বলে গণ্য হবে; | |
| ৫. | টেলিফোন অপারেটর<br>৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ০১ | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/ সমমানের পরীক্ষায় পাস এবং ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন। | |
| ৬. | সিপাই<br>৯০০০-২১,৮০০<br>(গ্রেড-১৭) | ০৫ | ক) কোন স্বীকৃত বোর্ড থেকে এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা<br>খ) উচ্চতা পুরুষ ৫'-৪", মহিলা ৫'-২" বুকের মাপ ৩০"-৩২" (উভয় ক্ষেত্রে)। | |
| ৭. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | ০৬ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | ঢাকা, নারায়ণগঞ্জ ও ঝালকাঠি ব্যতীত সকল জেলা। |
| ৮. | নৈশ প্রহরী<br>৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | ০১ | অষ্টম শ্রেণী পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী | |

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রার্থীদের বয়স ০১/১২/২০২১ খ্রিঃ এ ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর তারা আবেদনের যোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর তারাও আবেদনের যোগ্য। বয়স নিরুপনের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিমখানা নির্বাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

০২। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে Online-এ আবেদন পত্র দাখিলের পর এবং মৌখিক পরীক্ষার পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষ (কমিশনার), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

০৩। একই ব্যক্তির একাধিক পদে আবেদনের কোন সুযোগ নেই। এক্ষেত্রে কোনো আবেদনকারী শুধু একটি পদের বিপরীতে ১ টি আবেদন করতে পারবেন।

০৪। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

০৫। শারীরিক/ব্যবহারিক/লিখিত পরীক্ষা এবং সাক্ষাৎকারে মৌখিক পরীক্ষা প্রদানের জন্য কোন রকম ভ্রমন বা দৈনিক ভাতা (টি/ডিএ) প্রদান করা হবে না।

০৬। প্রাথমিক বাছাইয়ের পরে কর্তৃপক্ষের বিবেচনায় উপর্যুক্ত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী)/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে এসএমএস দ্বারা জানানো হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application form এর সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ/অভিজ্ঞতার সনদের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সনদসহ আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের সময় প্রবেশপত্র সহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন ও অতিরিক্ত একসেট সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। আবেদনপত্রে কোনরুপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও তা বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। জনবল নিয়োগের ক্ষেত্রে সরকারের জারীকৃত সর্বশেষ পরিপত্র/নীতিমালা/আদেশ মোতাবেক সকল প্রকার কোটা নীতিসহ অন্যান্য নিয়ামাবলী অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১। আবেদনপত্রে কোনরুপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সম্পূর্নরূপে কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণ বা যে কোন ধরনের তদ্‌বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ঃ

ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীকে http://chicd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online –এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **০১/১২/২০২১ খ্রিঃ, সকাল ১০.০০ টায়।**

ii) Online –এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **৩১/১২/২০২১ খ্রিঃ, রাত-১২.০০ টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online – এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online –এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পূর্ণপ্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicants Copy পাবেন। উক্ত Applicants Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৬ এ বর্ণিত পদের ক্ষেত্রে ১১২/-(একশত বার) টাকা এবং ক্রমিক নং ৭-৮ এ বর্ণিত পদের ক্ষেত্রে ৫৬/-(ছাপান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: chicd<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example : chicd ABCDEF
Reply: Applicants Name Tk 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type chicd<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: chicd<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example : chicd YES 12345678

Reply : Congratulation Applicant's Name, payment completed successfully for chicd Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Passward (XXXXXXXXX) .

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://chicd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে Roll নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথা সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Down load পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Passward পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে chicd<space>HELP<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।

Example : chicd HELP User ABCDEF & Send to 16222.

ii) PIN Number জানা থাকলে chicd<space> HELP<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example : chicd HELP PIN 12345678 & Send to 16222.

ঝ) Online আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে (Mail এর Subject এ Organization Name: chicd, Post Name****, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

স্বাক্ষরিত/-
২৮/১১/২০২১ খ্রিঃ
কমিশনার
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা।

F:\Jalal Et\DPC-2\job circular.docx